

স্মারক নং- ১৩.০৪.১০৮৮.০০০.৯৩.০৫৪.১৬.২৩০

তারিখ: ০৮/০২/২০২৪ খ্রি:।

### জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা শেরপুর উপজেলার কুসুমী ইউনিয়নের প্রকৃত ব্যবসায়ীদের জানানো যাচ্ছে যে, শেরপুর উপজেলার কুসুমী ইউনিয়নের বানিয়া গোন্ধাইল বিক্রয় কেন্দ্রের ডিলার জনাব মোঃ ওয়াজেদ আলী দুদু গত ৩০/১১/২০২৩ তারিখে মৃত্যুবরণ করেছেন। বিধায়, কুসুমী ইউনিয়নের বানিয়া গোন্ধাইল বিক্রয় কেন্দ্রের খাদ্যবান্ধব ডিলারের পদটি শূন্য হওয়ায় খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা, ২০১৭ মোতাবেক নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে উক্ত বিক্রয় কেন্দ্রের জন্য ০১ (এক) জন খাদ্যবান্ধব ডিলার নিয়োগ করা হবে। সে মোতাবেক শেরপুর উপজেলার কুসুমী ইউনিয়নের প্রকৃত আগ্রহী ব্যবসায়ীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

আগ্রহী ব্যবসায়ীগণ আগামী ১৫/০২/২০২৪ খ্রি: তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দরখাস্ত জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো। উক্ত তারিখের পর দরখাস্ত জমা নেয়া হবে না।

### শর্তাবলী:

- আবেদনকারীর ইউনিয়নের বর্ণিত জায়গায় বড় হাটে বা বাজারে নিজস্ব/ভাড়াই দোকান থাকতে হবে।
- কোন ওয়ার্ডে বাজার বা হাট না থাকলে উপকারভোগীদের সুবিধা বিবেচনা করে বিক্রয় স্থান নির্ধারণ করা যাবে।
- আবেদনকারীর দোকানের মেঝে পাকা হতে হবে এবং খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মতভাবে সংরক্ষণের উপযোগী হতে হবে।
- আবেদনকারীর দোকান/সংযুক্ত গুদামে কমপক্ষে ১৫ (পনের) মেগটন খাদ্যশস্য সংরক্ষণের সুব্যবস্থা থাকতে হবে।
- আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল ও খাদ্যশস্য হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে।
- খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িকভাবে বরখাস্তকৃত, কিংবা আদালত কর্তৃক শাস্তিপ্রাপ্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ডিলার নিয়োগ করা যাবে না।
- একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচির ডিলার নিয়োগ করা যাবে না।
- কোন সরকারি কর্মচারি কিংবা জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
- আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং ইউনিয়ন চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে। ব্যবসা প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স, আর্থিক স্বচ্ছলতা সনদ, ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, দোকান ঘর নিজস্ব হলে সংশ্লিষ্ট দলিলাদি এবং দোকান ঘর ভাড়াই হলে দোকান ভাড়ার চুক্তিপত্র (প্রয়োজনীয় সকল কাগজের সত্যায়িত কপি) নিম্নস্বাক্ষরকারী বরাবরে আবেদন দাখিল করতে হবে।
- নির্বাচিত ডিলারের নিকট থেকে ২০,০০০ (বিশ হাজার) টাকা পে-অর্ডার আকারে (ফেরতযোগ্য) জামানত উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শেরপুর, বগুড়া বরাবরে জমা দিতে হবে এবং ডিলারকে নির্ধারিত শর্তাবলী সংবলিত ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদান করতে হবে।

(মামুন-এ-কইসুম)  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
শেরপুর, বগুড়া।

০৮/০২/২৪

তারিখ: ০৮/০২/২০২৪ খ্রি:।

স্মারক নং- ১৩.০৪.১০৮৮.০০০.৯৩.০৫৪.১৬.২৩০

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য -

- ০১। মাননীয় সংসদ সদস্য, শেরপুর-ধুনট নির্বাচনী এলাকা-বগুড়া-০৫ ও প্রধান উপদেষ্টা।
- ০২। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শেরপুর, বগুড়া ও উপদেষ্টা।
- ০৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর, বগুড়া ও সভাপতি।
- ০৫। উপজেলা ভাইস চেয়ারম্যান, শেরপুর, বগুড়া ও সদস্য।
- ০৬। উপজেলা কৃষি কর্মকর্তা, শেরপুর, বগুড়া ও সদস্য।
- ০৭। উপজেলা সমাজসেবা অফিসার, শেরপুর, বগুড়া ও সদস্য।
- ০৮। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, শেরপুর, বগুড়া ও সদস্য।
- ০৯। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শেরপুর, বগুড়া ও সদস্য।
- ১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শেরপুর, বগুড়া ও সদস্য।
- ১১। জনাব ....., শেরপুর, বগুড়া।
- ১২। চেয়ারম্যান, কুসুমী ইউনিয়ন, শেরপুর, বগুড়া।
- ১৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, শেরপুর/মির্জাপুর এলএসডি, শেরপুর, বগুড়া।
- ১৪। সদস্য সচিব, ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটি, কুসুমী ইউনিয়ন পরিষদ, শেরপুর, বগুড়া- অবগতি ও ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ১৫। নোটিশ বোর্ড।
- ১৬। সংরক্ষণ নথি।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
শেরপুর, বগুড়া।  
০৮/০২/২৪